অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

বাফেলোতে 55 মিলিয়ন ডলারের বর্জ্য পানি পরিশোধন প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটের বিনিয়োগ বাফেলো সিউয়ার অথরিটির পরিশোধন কার্যক্রম উন্নত করা এবং নায়াগ্রা নদীতে সিউয়ারের প্রবাহ উপচে পড়া কমিয়ে আনার পরিকল্পনাকে এগিয়ে নিচ্ছে

পুরোনো হয়ে যাওয়া অবকাঠামোর আধুনিকায়ন করা জনস্বাস্থ্য ও পরিবেশকে সুরক্ষিত রাখতে সাহায্য করবে

ঐতিহাসিক ফেডারেল নির্মল পানি আইনের 50তম বার্ষিকী উদযাপনের এই সময়ে, গভর্নর ক্যাথি হোকল আজ বাফেলো সিটির বার্ড আইল্যান্ড বর্জ্য পানি পরিশোধন কেন্দ্রে (Bird Island Wastewater Treatment Facility) 55 মিলিয়ন ডলারের বর্জ্য পানি উন্নতকরণ প্রকল্পের নির্মাণকাজ শুরু হওয়ার ঘোষণা দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট এই প্রকল্পের অর্থায়নের জন্য 55 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যে প্রকল্পটি বার্ড আইল্যান্ড ফ্যাসিলিটির আধুনিকায়ন করা এবং নায়াগ্রা নদীতে প্রবেশকারী দূষণকারী পদার্থের পরিমাণ কমিয়ে আনার জন্য বাফেলো সিউয়ার অথরিটির (Buffalo Sewer Authority) দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ। এই প্রকল্প বাফেলো এবং বৃহত্তর ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলের সব অধিবাসী ও দর্শনার্থীর জন্য অধিকতর নির্মল, আরো বেশি স্বাস্থ্যকর পানি নিশ্চিত করতে সাহায্য করবে।

"যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency) সাথে একসঙ্গে শক্তিশালী অংশীদারিত্বের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট দৈন্যদশায় উপনীত হওয়া অতি গুরুত্বপূর্ণ পানি-সম্পদ অবকাঠামোতে বহু দশক ধরে চলে আসা বিনিয়োগের অভাবের ইতি টানছে," **বলেছেন গভর্নর হোকল।** "55 মিলিয়ন ডলারের এই প্রকল্প আমাদের জনস্বাস্থ্য ও পরিবেশগত স্বাস্থ্য সুরক্ষিত রাখার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, এবং নিউ ইয়র্কের পানি-সম্পদ অবকাঠামোর আধুনিকায়নের জন্য আমাদের দেশের-নেতৃস্থানীয় প্রচেষ্টায় সর্বসাম্প্রতিক বিনিয়োগ। আমাদের মূল্যবান পানি সম্পদসমূহ সুরক্ষিত রাখতে, এবং আমাদের পরিবার, ব্যবসা প্রতিষ্ঠান ও কমিউনিটিগুলোর জন্য সমৃদ্ধ হয়ে উঠার জন্য একটি স্বাস্থ্যকর পরিবেশ প্রদান করতে সাহায্য করার জন্য আমার প্রশাসন নিউ ইয়র্ক স্টেটের নির্মল পানি-সম্পদের জন্য নজিরবিহীন বিনিয়োগ এবং ফেডারেল বাইপার্টিজান অবকাঠামো আইনের ঐতিহাসিক তহবিল সর্বোচ্চ মাত্রায় কাজে লাগানোর জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

আজ বাফেলোতে একটি অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে এই প্রকল্পের কাজ শুরু হয়েছে। এই কর্মসূচি নির্মল পানি-সম্পদ অবকাঠামোতে বিনিয়োগ করা এবং 1972 সালের অক্টোবর মাসে গৃহীত নির্মল পানি আইনের মৌলিক উদ্দেশ্য, "দেশের জলাশয়গুলোর রাসায়নিক, ভৌত ও জৈবিক অখণ্ডতা পুনরুদ্ধার ও রক্ষণাবেক্ষণ"-এর প্রতি নিউ ইয়র্কের দেশের-নেতৃস্থানীয় অঙ্গীকারাবদ্ধতাকে প্রদর্শন করে।

এই প্রকল্পের নির্মাণকাজ শুরু হওয়া দীর্ঘদিন ধরে চলে আসা নির্মল পানি আইন লঙ্ঘন নিরসন করার ব্যাপারে বাফেলো সিউয়ার অথরিটির গৃহীত প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যেটি নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) সঙ্গে সমন্বয়ের মাধ্যমে যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির তরফ থেকে একটি প্রশাসনিক আদেশের আওতায় শুরু করা হয়েছে। বার্ড আইল্যান্ড বর্জ্য পানি পরিশোধন কেন্দ্র মূলত 1930 এর দশকে নির্মিত হয় এবং 1970 এর দশকে সংস্কার করা হয়। আজ ঘোষিত হওয়া এই প্রকল্প পুরোনো হয়ে যাওয়া অবকাঠামোকে বর্তমান মানদণ্ডের সঙ্গে সঙ্গতিপূর্ণ অবস্থায় নিয়ে আসার জন্য বাফেলো সিউয়ার অথরিটির দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ। এই প্রকল্প এই ফ্যাসিলিটির তীব্র বৃষ্টিপাতের ঘটনা মোকাবেলা করার সক্ষমতা বৃদ্ধি করবে যেটি বাফেলোর সম্মিলিত সিউয়ার/স্টর্মওয়াটার সিস্টেমের ধারণক্ষমতাকে ছাপিয়ে যেতে পারে। এসব উন্নয়ন অপরিশোধিত সিউয়েজ প্রবাহ নায়াগ্রা নদীতে গিয়ে পড়ার পরিমাণ কমিয়ে আনবে। এই পরিকল্পনার ভবিষ্যত প্রকল্পগুলোর মধ্যে আরো বেশি শক্তিশালী সিউয়েজ পরিশোধন প্রক্রিয়া এবং সংগ্রহ ব্যবস্থার উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট এই প্রকল্পের অর্থায়নের জন্য অনুদান এবং কম খরচে অর্থায়ন হিসেবে 55 মিলিয়ন ডলার প্রদান করতে অঙ্গীকারাবদ্ধ হয়েছে, এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন পানি-সম্পদ অবকাঠামো উন্নয়ন (Water Infrastructure Improvement) অনুদান কর্মসূচি থেকে 9 মিলিয়ন ডলারের একটি অনুদান এবং ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড (Clean Water State Revolving Fund) থেকে 9 মিলিয়ন ডলারের একটি অনুদান প্রদান করেছে এবং পরিবেশ সংরক্ষণ বিভাগ পানির গুণমান উন্নয়ন প্রকল্প (Water Quality Improvement Project) অনুদান কর্মসূচি থেকে 10 মিলিয়ন ডলারের স্টেট তহবিল প্রদান করেছে। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ডের মাধ্যমে কম খরচে অর্থায়ন প্রদান করে প্রকল্পের অবশিষ্ট ব্যয় বহন করছে।

গভর্নর হোকলের নেতৃত্বে, এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন এবং পরিবেশ সংরক্ষণ বিভাগ শুধু এই গত এক বছরেই মিউনিসিপ্যাল নির্মল পানি-সম্পদ অবকাঠামোর উন্নয়নের জন্য স্টেট তহবিল থেকে 900 মিলিয়ন ডলারের অনুদান প্রদান করেছে। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন দেশের বৃহত্তম ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড পরিচালনা করছে, যা 1990 সাল থেকে নিউ ইয়র্কের মিউনিসিপ্যালিটিগুলোকে নির্মল পানি-সম্পদ প্রকল্পগুলোর জন্য 33.4 বিলিয়ন ডলারেরও বেশি আর্থিক সহায়তা প্রদান করেছে।

নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের প্রেসিডেন্ট ও CEO মরিন এ. কোলম্যান বলেন, "আজকের ঘোষণায় অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য সংস্থানসমূহ নিউ

ইয়র্কের সব কমিউনিটির জন্য তাদের গুরুত্বপূর্ণ পয়ঃনিষ্কাশন এবং সুপেয় পানির প্রকল্পগুলো বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করার জন্য প্রয়োজনীয় আর্থিক সহায়তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতাকে জোরদার করছে। এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন আরো বেশি সাফল্যের গল্প প্রত্যাশা করছে কারণ আমরা ফেডারেল বাইপার্টিজান অবকাঠামো আইনে ঐতিহাসিক অর্থায়নের সাথে স্টেটের দেশের নেতৃস্থানীয় পানির গুণমান সংক্রান্ত বিনিয়োগকে সংযুক্ত করেছি।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের সভাপতি বাসিল সেগোস বলেন, "পরিবেশ সংরক্ষণ বিভাগ এই অতি গুরুত্বপূর্ণ প্রকল্পটিকে এগিয়ে নেওয়া এবং এই অঞ্চলের পানির গুণমান রক্ষার জন্য স্টেটের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার জন্য বাফেলো সিটিকে সাধুবাদ জানায়। উল্লেখযোগ্য অনুদান এবং স্বল্পমূল্যের ঋণের আকারে স্টেটের সংস্থানসমূহের মাধ্যমে, গভর্নর হোকল আবারো মিউনিসিপ্যাল নির্মল পানি-সম্পদ অবকাঠামো আপগ্রেড করতে নিউ ইয়র্কের চলমান সমর্থন প্রদর্শন করছেন যা ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীদের জন্য পরিবেশ, আবাসস্থল এবং জীবনযাত্রার মান উন্নয়নে উল্লেখযোগ্য অগ্রগতি বয়ে আনার পাশাপাশি ভালো বেতনের 'সবুজ' নির্মাণকাজের কর্মসংস্থান তৈরি করবে।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ অংশের নেতা চার্লস স্কুমার বলেন, "আমি বাইপার্টিজান অবকাঠামোতে বিনিয়োগ এবং কর্মসংস্থান সংক্রান্ত আইনকে সমর্থন করেছি - বাফেলোর মতো স্থানগুলোর কথা মাথায় রেখে - যাতে অবশেষে আমাদের পুরোনো হয়ে যাওয়া বর্জ্যপানির অবকাঠামোর গুরুত্বপূর্ণ আপগ্রেড করা যায়, ওয়েস্টার্ন NY-এর পরিবারগুলোর জন্য নিরাপদ পানির সরবরাহ নিশ্চিত করা যায়, এবং নায়াগ্রা নদী ও গ্রেট লেকের মতো প্রাকৃতিক রত্নগুলিতে নর্দমা উপচে পড়া থেকে মুক্ত রাখা যায়। আমি বাফেলোর বর্জ্য পানি অবকাঠামোর আধুনিকায়নের জন্য ফেডারেল তহবিল সরবরাহ করতে পেরে গর্বিত, এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ, সুস্থ রাখতে এবং ভাল বেতনের কর্মসংস্থানের প্রবাহ নিয়ে আসার জন্য এই ফেডারেল ডলার ভালো কাজে ব্যবহার করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

রিপ্রেজেন্টেটিভ ব্রায়ান হিগিন্স বলেন, "1968 সালে, বছরের পর বছর শিল্প কারখানা ঘটিত দূষণের পর বাফেলো নদীতে আগুন ধরে যায়, এছাড়াও এটি প্রথম ধরিত্রী দিবসের সূচনা ঘটায় যেখানে জনসাধারণ নির্মল বায়ু, মাটি এবং পানির সুরক্ষা প্রদানের জন্য পরিবর্তনের দাবি জানায়। 50 বছর পূর্বে নির্মল পানি আইন স্বাক্ষরিত হওয়ার পর থেকে ব্যাপক অগ্রগতি হয়েছে। এই প্রকল্পটি স্থানীয় জলপথগুলো পরিষ্কার করতে এবং বাফেলো ও ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বাসিন্দাদের একটি স্বাস্থ্যকর পরিবেশ উপহার দেয়ার জন্য আমরা যে অগ্রগতি করেছি তার সঙ্গে যোগ হচ্ছে।"

স্টেট সিনেটর সিয়ান রায়ান বলেন,"বার্ড আইল্যান্ড বর্জ্য পানি পরিশোধন কেন্দ্র আপগ্রেড করা আমাদের স্থানীয় পরিবেশের স্বাস্থ্য এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কবাসীদের নিরাপত্তার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য বিনিয়োগের প্রতিনিধিত্ব করে। নর্দমা উপচে পড়া সংক্রান্ত দূষণ কমিয়ে আনার মাধ্যমে এই প্রকল্পটি নায়াগ্রা নদীকে চিত্তবিনোদনমূলক কার্যক্রমের জন্য আরো নিরাপদ করে তুলবে এবং নদীতে থাকা মাছ ও বন্যপ্রাণীকে সুরক্ষিত রাখবে।"

স্টেট সিনেটর টিম কেনেডি বলেন, "এই ঐতিহাসিক প্রকল্প আমাদের পরিবেশের উন্নতি ঘটাবে এবং বাফেলোর বর্জ্য পানি পরিশোধন অবকাঠামোর দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা নিশ্চিত করবে। সরকারের সব স্তরের মধ্যকার এই অংশীদারিত্ব, একসঙ্গে কাজ করলে এবং আমাদের অবকাঠামো ও আমাদের পরিবেশে বিনিয়োগ করলে আমরা কী অর্জন করতে পারি তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত। যাদের কঠোর পরিশ্রমের ফলে আমরা এই দিনটি পেয়েছি তাদের সবাইকে অভিনন্দন।"

বাফেলোর মেয়র বাইরন ডব্লিউ. ব্রাউন বলেন, "আমাদের শহরের অবকাঠামো উন্নয়নের সাথে তাল মিলিয়ে এগিয়ে যাচ্ছে তা নিশ্চিত করা আমাদের কমিউনিটির সমৃদ্ধি অব্যাহত রাখার জন্য গুরুত্বপূর্ণ - বাফেলো সিউয়ার অথরিটির বার্ড আইল্যান্ড ট্রিটমেন্ট ফ্যাসিলিটিতে 55 মিলিয়ন ডলারের সেকেন্ডারি ট্রিটমেন্ট সিস্টেম রিহ্যাবিলিটেশন প্রকল্প এর একটি বড় অংশ। আমি গভর্নর হোকল এবং আমাদের অন্য স্থানীয়, স্টেট এবং ফেডারেল নেতৃবৃন্দকে ধন্যবাদ জানাই যারা এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য সহায়ক ভূমিকা পালন করেছেন। এই ফ্যাসিলিটি আপগ্রেড করা আরো শক্তিশালী, অধিকতর স্বাস্থ্যকর, এবং অধিকতর টেকসই বাফেলোর পুনর্নির্মাণের জন্য আমার প্রশাসনের দীর্ঘস্থায়ী প্রতিশ্রুতির আরেকটি উদাহরণ।"

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে। গভর্নর হোকলের 2022-23 অর্থবছরের প্রণীত বাজেটে প্রস্তাবিত নির্মল পানি, নির্মল বায়ু, ও সবুজ কর্মসংস্থানের জন্য পরিবেশগত বন্ড আইনের জন্য মোট 4.2 বিলিয়ন ডলার বরাদ্দ করতে অতিরিক্ত 1.2 বিলিয়ন ডলার অনুমোদন করা হয়েছে। নভেম্বরে ভোটারদের সামনে উপস্থাপন করতে যাওয়া এই ঐতিহাসিক উদ্যোগের মধ্যে পুরোনো হয়ে যাওয়া পানি-সম্পদ অবকাঠামো আপডেট করা এবং পানির গুণমান রক্ষা করা; বায়ু দূষণ এবং জলবায়ু-পরিবর্তনকারী নির্গমন কমানো; বন্যপাণীর আবাসস্থল পুনরুদ্ধার; গুরুতর ঝড় ও বন্যা মোকাবেলা করে টিকে থাকার জন্য কমিউনিটিগুলোর সক্ষমতা জোরদার করা; ঘরের বাইরের স্থান এবং স্থানীয় খামারগুলো সংরক্ষণ; এবং সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে 40 শতাংশ সংস্থান বিনিয়োগ করার লক্ষ্য সামনে রেখে কমপক্ষে 35 শতাংশ বিনিয়োগ করার মাধ্যমে সমতা নিশ্চিত করা, ইত্যাদি অন্তর্ভুক্ত রয়েছে।

সেইসাথে, গভর্নরের প্রণীত বাজেটে নির্মল পানির অবকাঠামোর জন্য আরো 500 মিলিয়ন ডলারের তহবিল অন্তর্ভুক্ত করা হয়েছে যা স্টেটের নির্মল পানির জন্য মোট বিনিয়োগের পরিমাণ 2017 সাল থেকে 4.5 বিলিয়ন ডলারে পরিণত করেছে। এছাড়াও এতে জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন প্রচেষ্টাসমূহের ক্ষেত্রে সহায়তা করা, টেকসই কৃষির প্রসারের জন্য কৃষি সংস্থানগুলোর উন্নতি করা, আমাদের পানির উৎসগুলো সুরক্ষিত রাখা, সংরক্ষণের প্রচেষ্টা এগিয়ে নেয়া, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য চিত্তবিনোদনের সুযোগ-সুবিধা প্রদান করার জন্য পরিবেশ সুরক্ষা তহবিলে (Environmental Protection Fund) রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন ডলার প্রদান করা হচ্ছে।

স্থানীয় সরকারগুলোকে ক্লিন ওয়াটারশেডস নিডস (Clean Watersheds Needs) সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন মিউনিসিপ্যালিটিগুলোকে যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি ক্লিন ওয়াটারশেড নিডস সার্ভেতে (Environmental Protection Agency Clean Watersheds Needs Survey) অংশগ্রহণ করার জন্য অনুরোধ করছে, যেটি এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন 1 মার্চ থেকে নিউ ইয়র্কে চালু করেছে। এতে অংশগ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি ভবিষ্যতের পরিষ্কার পানির অবকাঠামো প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করতে নিউ ইয়র্ক স্টেটকে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড থেকে কী পরিমাণ ডলার বরাদ্দ দেয়া হবে তাতে প্রভাব ফেলতে পারে। যুক্তরাষ্ট্রের এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সিতে জমা দেয়ার জন্য মিউনিসিপ্যালিটিগুলোকে তাদের কমিউনিটির বর্জ্য পানির অবকাঠামোর চাহিদাগুলি নথিভুক্ত করতে বলা হচ্ছে। নথি জমাদানের জন্য এবং জমাদানে সহায়তার সংস্থানের জন্য https://efc.ny.gov/needs এখানে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418